মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মন্ত্রীর দপ্তর

শোক বার্তা

নং-২০২৩/৯/৩০-১

সংসদ সদস্য ও সাবেক মন্ত্রী এ কে এম শাহজাহান কামালের মৃত্যুতে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রীর শোক

ঢাকা, ৩০ সেপ্টেম্বর ২০২৩ (শনিবার)

লক্ষ্মীপুর-৩ আসনের সংসদ সদস্য ও সাবেক বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রী বীর মুক্তিযোদ্ধা এ কে এম শাহজাহান কামালের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী শ ম রেজাউল করিম এমপি।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী মরহুমের বিদেহী আত্মার শান্তি কামনা করেন এবং তার শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

শোক বার্তায় মন্ত্রী জানান, বীর মুক্তিযোদ্ধা এ কে এম শাহজাহান কামাল ছিলেন অত্যন্ত সজ্জন রাজনীতিবিদ। প্রবীণ এ রাজনীতিবিদ তার কর্মের মধ্য দিয়ে স্মরণীয় হয়ে থাকবেন।

স্বাক্ষরিত/-
মোঃ ইফতেখার হোসেন
জনসংযোগ কর্মকর্তা
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মোবাইলঃ ০১৭৭৫২২৫৬৯০।